০৩. $2x^2-xy-6y^2$ এর উৎপাদক- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জিআ) - ২০১০]

- (ক) $(2x+3y)(x-2y)$
(খ) $(2x-3y)(x+2y)$
(গ) $(x+3y)(2x-2y)$
(ঘ) $(2x-3y)(2x+2y)$ উত্তর: ক

০৪. $a, a^2, a(a+b)$ এর লখিত সাধারণ গুণিতক কোনটি? [প্রাথমিক সহ. শি.সি. পরীক্ষা-২০১৯ (৪র্থ দাপ) সেট: (২০১০)]

- (ক) $a^2(a+b)$ (খ) a
(গ) a^2 (ঘ) $a(a+b)$ উত্তর: ক

০৫. x^3-1, x^3+1, x^4+x^2+1 -এর ল.সা.গু কত? [প্রাক-প্রাথমিক সহ. শি.সি. পরীক্ষা-২০১০]

- (ক) (x^6-4) (খ) (x^6-1)
(গ) (x^3-2) (ঘ) (x^6-3) উত্তর: খ

সরল সহ-সমীকরণ

সরল সহ-সমীকরণ বা দ্বিমাত্র সমীকরণ হলো যেখানে দুটো অজানা রাশির মান নির্ণয় করতে হয়। এখানে অজানা রাশিদ্বয় ধরে সমীকরণ সাজিয়ে যে কোন একটির মান বের করার পর আরেকটির মান বের করতে হয়।

সাধারণ সমীকরণসমূহ :

০১. $\frac{3}{x} = \frac{4}{x+1} = 2$ হলে, x এর মান- [৩৫তম বিসিএস]

- (ক) 1 (খ) 2
(গ) 3 (ঘ) 4

উত্তর: গ

সমাধান: $\frac{3}{x} = \frac{4}{x+1} = 2$

বা, $\frac{3x+3+4x}{x(x+1)} = 2$

বা, $7x+3 = 2(x^2+x)$

বা, $2x^2+2x-7x-3=0$

বা, $2x^2-5x-3=0$

বা, $2x^2-6x+x-3=0$

বা, $2x(x-3)+1(x-3)=0$

বা, $(x-3)(2x+1)=0$

তাহলে $x=3$ অথবা, $x = \frac{-1}{2}$ [ঋণাত্মক গ্রহণযোগ্য নয়]

$\therefore x=3$

০২. যদি $x+5y=16$ এবং $x=3y$ হয়, তাহলে $y =$ কত? [১৮তম বিসিএস]

- (ক) -24 (খ) -2
(গ) 8 (ঘ) 2

উত্তর: ঘ

সমাধান: $x+5y=16$ বা, $3y+5y=16$ [$x=3y$ বসিয়ে।] বা, $8y=16 \therefore y=2$.

০৩. $(2+x)+3=3(x+2)$ হলে x এর মান কত? [১০তম বিসিএস]

- (ক) $-\frac{1}{2}$ (খ) $\frac{1}{2}$
(গ) $\frac{1}{3}$ (ঘ) $\frac{2}{3}$

উত্তর: ক

সমাধান: $(2+x)+3=3(x+2)$

$\Rightarrow 2+x+3=3x+6 \Rightarrow 2x=-1$

$\therefore x = -\frac{1}{2}$

দুটি রাশির আলাদা মান বের করা

০৪. $3x-y=3, 5x+y=21$ হলে, (x, y) এর মান— [৪৬তম বিসিএস]

- (ক) (2,5) (খ) (2,6)
(গ) (3,5) (ঘ) (3,6)

উত্তর: ঘ

ব্যাখ্যা: $3x-y=3$

$5x+y=21$

$8x = 24$

$\therefore x = \frac{24}{8} = 3$

x এর মান বসিয়ে পাই, $3 \times 3 - y = 3 \therefore y = 6$

শর্টকাট টেকনিক:

সবাসরি অপশনের মান যেকোন একটি সমীকরণে বসিয়ে যদি বামপক্ষ = ডানপক্ষ হয়, তাহলে সেটিই উত্তর।

প্রথম সমীকরণে,

$3 \times 3 - 6 = 3$

$3 = 3$ (বামপক্ষ = ডানপক্ষ)

০৫. $(x-y, 3) = (0, x+2y)$ হলে $(x, y) =$ কত? [০৫তম বিসিএস]

- (ক) (1, 1) (খ) (1, 3)
(গ) (-1, -1) (ঘ) (-3, 1)

উত্তর: ক

সমাধান: এভাবে সমাধান আসলে সমীকরণটি সাজিয়ে নিতে হয় এভাবে

$x-y=0 \dots\dots(i)$

$x+2y=3 \dots\dots(ii)$

$-3y=-3$ [বিয়োগ করে]

$\therefore y=1$

এখন y এর মান (i) নং এ বসাই

$x-1=0 \therefore x=1$

সুতরাং নির্ণেয় সমাধান $(x, y) = (1, 1)$

শর্টকাট (অপশন টেস্ট)

অপশনের মানগুলো প্রশ্নের সমীকরণে বসিয়ে শুদ্ধ পরীক্ষা করলে বামপক্ষ = ডানপক্ষ হবে। যেমন: (1, 1) বসিয়ে পাই

$(1-1, 3) = (0, 1+2.1) = (0, 3) = (0, 3)$

০৬. $3x-7y+10=0$ এবং $y-2x-3=0$ এর সমাধান- [৩১তম বিসিএস]

- (ক) $x=1, y=-1$ (খ) $x=1, y=1$
(গ) $x=-1, y=-1$ (ঘ) $x=-1, y=1$

উত্তর: ঘ

সমাধান:

$$3x - 7y + 10 = 0 \text{ বা, } 3x - 7y = -10 \text{ -----(1)}$$

$$\text{আবার, } y - 2x - 3 = 0$$

$$-2x + y = 3 \text{ ----- (2)}$$

(2) নং সমীকরণকে 7 দ্বারা গুণ করে (1) নং সমীকরণের সাথে যোগ করে পাই,

$$3x - 7y = -10$$

$$-14x + 7y = 21$$

$$\hline -11x = 11 \quad \therefore x = -1$$

x এর মান (2) নং সমীকরণে বসালে পাই-

$$2 + y = 3$$

শর্টকাট (অপশন টেস্ট)

অপশনের মানগুলো প্রশ্নের সমীকরণ দুটিতে বসিয়ে
জঙ্কি পরীক্ষা করলে বামপক্ষ = ডানপক্ষ হলে সেটিই উত্তর।

সমীকরণ এর প্রয়োগ:

০৭. দুটি সংখ্যার যোগফল 48 এবং তাদের গুণফল 432।

তবে বড় সংখ্যাটি কত? [১১তম বিসিএস]

(ক) 36 (খ) 37

(গ) 38 (ঘ) 40

উত্তর: ক

সমাধান: একটি সংখ্যা = x, অপর সংখ্যা = (48-x)

$$\text{প্রশ্নমতে, } x(48-x) = 432$$

$$\text{বা, } 48x - x^2 = 432$$

$$\text{বা, } x^2 - 48x - 432 = 0$$

$$\text{বা, } x^2 - 12x - 36x - 432 = 0$$

$$\text{বা, } (x - 12)(x - 36) = 0$$

$$\therefore x = 12, x = 36$$

০৮. যদি দুটি সংখ্যার যোগফল এবং গুণফল যথাক্রমে 20 এবং 96 হয়, তবে সংখ্যা দুইটির ব্যস্তানুপাতিক

(reciprocals) যোগফল কত হবে? [১১তম বিসিএস]

(ক) $\frac{1}{8}$ (খ) $\frac{1}{6}$

(গ) $\frac{13}{4}$ (ঘ) $\frac{5}{24}$

উত্তর: ঘ

সমাধান: ধরি, সংখ্যা দুটি a, b.

$$\therefore a + b = 20 \text{ এবং } ab = 96$$

$$\therefore \frac{1}{a} + \frac{1}{b} = \frac{a+b}{ab} = \frac{20}{96} = \frac{5}{24} \text{ (উত্তর)}$$

০৯. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে

পিতার বয়স পুত্রের বর্তমান বয়স কত? [২০তম বিসিএস]

(ক) ৫৬ এবং ১৪ বছর (খ) ৩২ এবং ৭ বছর

(গ) ৩৬ এবং ৯ বছর (ঘ) ৪০ এবং ১০ বছর

উত্তর: গ

সমাধান: ধরি, পুত্রের বর্তমান বয়স x বছর।

পিতার বর্তমান বয়স = 8x বছর।

$$\text{প্রশ্নমতে, } 10(x-6) = 8x-6$$

$$\text{বা, } 10x-60 = 8x-6$$

$$\text{বা, } 6x = 54 \text{ বা, } x = \frac{54}{6} \therefore x = 9$$

\therefore পুত্রের বর্তমান বয়স = $8 \times 9 = 72$ বছর।

১০. Rahim is 12 years old. He is three times older than Karim. What will be the age of Rahim when he is two times older than Karim? [২৮তম বিসিএস]

(ক) 15 years (খ) 16 years

(গ) 17 years (ঘ) 18 years

উত্তর: খ

সমাধান: রহিমের বয়স 12 বছর

$$\therefore \text{ করিমের বয়স } \frac{12}{3} = 4 \text{ বছর}$$

ধরি, x বছর পর রহিম করিমের চেয়ে দ্বিগুণ বড় হবে।

$$\text{সূত্রাং } 12 + x = 2(4 + x)$$

$$\text{বা, } 12 + x = 8 + 2x$$

$$\text{বা, } 2x - x = 12 - 8 \therefore x = 4$$

\therefore রহিমের বয়স হবে = $12 + 4 = 16$ বছর।

১১. এক ব্যক্তি তার জীবন চেয়ে ৫ বছরের বড়। তার জীবন বয়স ছিলে বয়সের ৪ গুণ। ৫ বছর পরে ছিলে বয়স ১২ হলে বর্তমান ঐ ব্যক্তির বয়স কত? [২৩তম বিসিএস]

(ক) ৬৫ বছর (খ) ২৮ বছর

(গ) ৩৩ বছর (ঘ) ৫৩ বছর

উত্তর: গ

সমাধান: বর্তমানে ছিলে বয়স $(12-5) = 7$ বছর।

\therefore বর্তমানে ঐ ব্যক্তির বয়স $[(7 \times 8) + 5] = 61$ বছর

১২. টিপুর বোনের বয়স টিপুর বয়সের ৩ ভাগ বাবার বয়সের মধ্যে সমানুপাতী। টিপুর বয়স ১২ বছর, বাবার বয়স ৪৮ বছর হলে বোনের বয়স কত? [২৪তম বিসিএস]

(ক) ১৬ বছর (খ) ২৪ বছর

(গ) ১৮ বছর (ঘ) ২০ বছর

উত্তর: খ

সমাধান: ধরি, ক = টিপুর বয়স = ১২

$$g = \text{টিপুর বাবার বয়স} = 48$$

$$x = \text{টিপুর বোনের বয়স} = ?$$

$$k : x = x : g \text{ হলে- } x^2 = kg$$

$$x = \sqrt{kg} = \sqrt{12 \times 48} = 24 \text{ (উত্তর)}$$

১৩. একটি ক্রিকেট দলে যতজন স্ট্রাইক আউট হলো তার দেড়গুণ কট আউট হলো এবং মোট উইকেটের অর্ধেক বোল্ড আউট হলো। এই দলের কতজন কট আউট হলো? [১১তম বিসিএস]

(ক) ৫ (খ) ৭

(গ) ৩ (ঘ) ৮

উত্তর: গ

সমাধান: ধরি, স্ট্যাম্পআউট হলো 'ক' জন

$$\therefore \text{কট আউট হলো} = \frac{৩ক}{২}$$

$$\therefore \text{প্রশ্নানুসারে, ক} + \frac{৩ক}{২} + ৫ = ১০$$

(যেহেতু ক্রিকেটে মোট উইকেট = ১০ টি।)

$$\text{বা, } ৫ক = ১০$$

$$\therefore ক = ২$$

$$\therefore \text{কট আউট হলো} = \frac{৩ \times ২}{২} \text{ জন} = ৩ \text{ জন}$$

মুখে মুখে করতে চাইলে এভাবে ভাবুন: মোট উইকেট ১০টি, অর্ধেক = ৫টি, বাকী ৫টির মধ্যে একটি আরেকটির দেড়গুণ অর্থ হলো স্ট্যাম্প আউট ২ জন এবং কট আউট ৩জন।

১৪. ২০ ফুট দূরত্ব একটি বাঁশ এমনভাবে কেটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশে বড় অংশের দুই তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট? [৩৪তম বিসিএস]

$$(ক) ৫$$

$$(খ) ৭$$

$$(গ) ৮$$

$$(ঘ) ১০$$

উত্তর: গ

সমাধান: মনে করি, বড় অংশের দৈর্ঘ্য 'ক' ফুট

$$\text{এবং ছোট অংশের দৈর্ঘ্য} = \frac{২}{৩} = \frac{২ক}{৩} \text{ ফুট}$$

$$\text{প্রশ্নমতে, ক} + \frac{২ক}{৩} = ২০$$

$$\text{বা, } \frac{৩ক + ক}{৩} = ২০ \text{ বা, } ৫ক = ৬০$$

$$\therefore ক = ১২$$

$$\therefore \text{ছোট অংশের দৈর্ঘ্য} = \frac{২ \times ১২}{৩} = ৮ \text{ ফুট। (উত্তর)}$$

১৫. এক ব্যক্তি ২৪০ টাকায় কতগুলো কলম কিনে দেখল যে যদি সে একটি কলম বেশি পেত তবে প্রত্যেকটি কলমের মূল্য গড়ে ১ টাকা করে কম পড়ত। সে কতগুলো কলম কিনেছিল? [৩৪তম বিসিএস]

$$(ক) ১৩$$

$$(খ) ১৪$$

$$(গ) ১৫$$

$$(ঘ) ১৬$$

উত্তর: গ

সমাধান: এরকম ১ টাকা অথবা ২ টাকা কম বেশি থাকলে মোট যে টাকার পরিমাণ দেয়া থাকবে তাকে এমনভাবে ভাসতে হবে যাতে দুটো পাশাপাশি সংখ্যা আসে যার পার্থক্য ১। তাহলে এই প্রশ্নের সমাধান বুঝে বুঝে গিখা যায় $২৪০ = ১৫ \times ১৬$ অর্থাৎ প্রথমে প্রতিটি ১৫ টাকা দরে ১৬টি কলম কিনেছিল।

আবার যখন একটি কলম বেশি পেত তখন কলমের সংখ্যা ১৫টি থেকে ১৬টি হয়ে যেত। যেহেতু মোট টাকা আগের ২৪০-ই আছে। তাই এবার স্বাভাবিক ভাবেই প্রতিটি কলমের দাম পড়বে $২৪০ \div ১৬ = ১৫$ টাকা। কিন্তু উত্তর প্রথম অংশেই বের হয়ে গেছে। প্রথম অংশে ১৫টি কলম প্রতিটি ১৬টাকা দরে কিনেছিল। তাই উত্তর ১৫টি।

সাধারণ নিয়মে সমাধান:

$$\frac{২৪০}{x} - \frac{২৪০}{x+1} = 1$$

(প্রথমে প্রতিটি কলমের দাম এবং ১টি কলম বেশি পেলে নতুন দামের পার্থক্য ১ টাকা তাই বিয়োগফল = ১)
(বাকীটা সমীকরণের নিয়মে নিজে করুন)

১৬. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অঙ্ক অপেক্ষা ৩ বেশি। সংখ্যাটি এর অঙ্কদ্বয়ের সমষ্টির তিনগুণ অপেক্ষা ৪ বেশি। সংখ্যাটি কত? [১৪তম বিসিএস]

$$(ক) ২০$$

$$(খ) ২৫$$

$$(গ) ৩৬$$

$$(ঘ) ৫৮$$

উত্তর: খ

সমাধান: প্রশ্নের কথা অনুযায়ী $৫ - ২ = ৩$ এবং $২ + ৫$

$$= ৭ \times ৩ = ২১ + ৪ = ২৫।$$

লিখিত সমাধান:

ধরি, দশক স্থানীয় অঙ্ক = x

$$\therefore \text{একক স্থানীয় অঙ্ক} = (x + 3)$$

$$\therefore \text{সংখ্যাটি} = 10x + (x + 3) = 11x + 3$$

$$\text{শর্তানুসারে, } 11x + 3 = 3(x + x + 3) + 4$$

$$\text{বা, } 11x = 6x + 18 + 4 - 3$$

$$\text{বা, } 5x = 10$$

$$\therefore x = 2$$

$$\therefore \text{সংখ্যাটি} = 11 \times 2 + 3 = 25$$

১৭. একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে প্রত্যেকে তত পরসর চেয়ে আরও 25 পরসর বেশি করে চাঁদা দেয়াতে মোট 75 টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত? [৩৪তম বিসিএস]

$$(ক) ৬০$$

$$(খ) ৭০$$

$$(গ) ৭৫$$

$$(ঘ) ৭৮$$

উত্তর: গ

সমাধান: মনে করি, ছাত্র-ছাত্রী সংখ্যা x জন

প্রশ্নমতে,

$$x(x + 25) = 75 \times 100 \quad [75 \text{ টাকা} = 7500 \text{ পরসর}]$$

$$\text{বা, } x^2 + 25x - 7500 = 0$$

$$\text{বা, } x^2 + 100x - 75x - 7500 = 0 \quad \text{বা, } x(x + 100) - 75(x + 100) = 0$$

$$\text{বা, } (x - 75)(x + 100) = 0$$

$$\text{বা, } (x - 75)(x + 100) = 0$$

$$\text{বা, } x - 75 = 0 \quad \text{অথবা } x + 100 = 0$$

∴ $x = 75$ $x = -100$ [(-) গ্রহণযোগ্য মান নয়।
∴ ঐ শ্রেণিতে ৭৫ জন ছাত্র-ছাত্রী আছে।

শর্টকাট সমাধান:

অপশন ধরে করলে কিভাবে মুখে মুখে কয়েক সেকেন্ড উত্তর বণা সম্ভব দেখে নিন।

প্রশ্নে দেখুন, ছাত্র-ছাত্রীর সংখ্যার থেকে ২৫ পরমা বেশি করে চাঁদা দেয়াতে মোট ৭৫ টাকা উঠার অর্থ হচ্ছে টাকাটি তারা পূর্ণ সংখ্যায় দিয়েছিল। তাহলে শুধু মাত্র ৭৫ জনের সাথে অতিরিক্ত ২৫ পরমা যোগ করলে প্রতিজন ১০০ পরমা বা ১ টাকা করে দেয়াতে মোট ৭৫ টাকা উঠেছিল।

১৮. শিকা সফরে যাওয়ার জন্য ২৪০০ টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র/ছাত্রী সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত ১০ জন ছাত্র/ছাত্রী যাওয়ার প্রতি জনের ভাড়া ৮ টাকা কমে গেলে, বাসে কতজন ছাত্র/ছাত্রী গিয়েছিল? [২৭তম বিসিএস]

(ক) ৪০ (খ) ৪৮
(গ) ৫০ (ঘ) ৬০ উত্তর: ঘ

সমাধান: ধরি, প্রথমে ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল = x

$$\therefore \text{মাথাপিছু ভাড়া} = \frac{2400}{x}$$

১০ জন বেশি হওয়ায় ছাত্র গিয়েছিল = $x+10$

$$\therefore \text{নতুন মাথাপিছু ভাড়া} = \frac{2400}{x+10}$$

$$\text{প্রশ্নানুসারে, } \frac{2400}{x} - \frac{2400}{x+10} = 8 \text{ (যেহেতু দুই ভাড়ার পার্থক্য ৮ টাকা, এবং বর্তমান ভাড়া আগের থেকে কম)}$$

এখন সমাধান করলে উত্তর আসবে, $x = ৬০$ জন।

১৯. এক ব্যক্তি ব্যাংকে ৫১০ টাকার চেক দিয়ে ২০ টাকার এবং ৫০ টাকার নোট প্রদানের জন্য অনুরোধ করলেন। কত প্রকারে তার অনুরোধ রক্ষা করা সম্ভব? [৪২তম বিসিএস]

(ক) ৩ প্রকারে (খ) ৪ প্রকারে
(গ) ৬ প্রকারে (ঘ) ৫ প্রকারে উত্তর: ঘ

সমাধান: যেহেতু মোট টাকার পরিমাণ ৫১০ টাকা। তাই প্রতিবার ৫০ টাকার নোট বিজোড় সংখ্যক নিতে হবে তাহলে $৫১০-৫০ = ৪৬০$ বা $৫১০-১৫০ = ৩৬০$ সংখ্যাগুলো ২০ দিয়ে বিভাজ্য হবে। কিন্তু $৫১০-১০০ = ৪১০$ এভাবে জোড় সংখ্যক নিলে ২০ দিয়ে বিভাজ্য হবে না। সুতরাং

$(৫০ \times ১) + ২০ \times ২৩ = ৫১০$
$(৫০ \times ৩) + ২০ \times ১৮ = ৫১০$
$(৫০ \times ৫) + ২০ \times ১৩ = ৫১০$
$(৫০ \times ৭) + ২০ \times ৮ = ৫১০$

$(৫০ \times ৯) + ২০ \times ৩ = ৫১০$
সর্বমোট পাঁচ ভাবে অনুরোধ রক্ষা করা সম্ভব।

অনুশীলন করুন:

০১. যদি $x + 3y = 40$ এবং $y = 3x$ হয়, তবে $y = ?$ [প্রাক-প্রাথমিক সহ.শি.দি.পরীক্ষা-২০১৮ (সেট-৭১৪২)]

(ক) 12 (খ) 18
(গ) 22 (ঘ) 10 উত্তর: ক

০২. $a = 8, b = 6, x = \frac{1}{2}$ এবং $y = 4$ হলে $ax + 2b -$

$2xy$ -এর মান কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কনোত্রাক) : ২০১০]

(ক) 12 (খ) 9
(গ) 7 (ঘ) 6 উত্তর: ক

০৩. $a = 15$ এবং $b = 5$ হলে $\frac{(a-b)^2}{a-b} =$ কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বগুড়া) : ২০১০]

(ক) 30 (খ) 10
(গ) 15 (ঘ) 20 উত্তর: ঘ

০৪. $2x + y = 7$ এবং $3x + y = 10$ হলে, x ও y এর মান হবে যথাক্রমে-

[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বগুড়া) : ২০১০]

(ক) 2, 3 (খ) 3, 1
(গ) 4, -1 (ঘ) 5, -3 উত্তর: খ

০৫. একটি কলম ও বইয়ের মূল্য একত্রে ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি ও বইটির মূল্য ১৪ টাকা কম হলে বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত? [প্রাক-প্রাথমিক সহ.শি.দি.পরীক্ষা-২০১৮ (সেট-৩৩৭৪) + [প্রাক-প্রাথমিক সহ.শি.দি.পরীক্ষা-২০১৮ (সেট-৮১১১)]

(ক) ৪০ টাকা (খ) ৪৯ টাকা
(গ) ৪৬ টাকা (ঘ) কোনটিই নয় উত্তর: গ

০৬. কাজের দিন ২ টাকা ও অনুপস্থিতির দিন ৫০ পরমা জরিমানার শর্তে এক ব্যক্তি সেপ্টেম্বর মাসে ৪০ টাকা পেলে। ব্যক্তিটি কাজে কতদিন উপস্থিত ছিল? [প্রাথমিক সহ.শি.দি. পরীক্ষা-২০১৯ (৪র্থ ধাপ) সেট: (৪১২৪)]

(ক) ২০ (খ) ২২
(গ) ২৪ (ঘ) ১৯ উত্তর: খ

০৭. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে সংখ্যাটি পূর্বাপেক্ষা ৬৩ বৃদ্ধি পায়। সংখ্যাটির অঙ্কদ্বয়ের পার্থক্য কত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় পর্যায়) : ২০২২]

(ক) ৫ (খ) ৬
(গ) ৭ (ঘ) ৪ উত্তর: গ

দ্বিঘাত সমীকরণ

মনে করি, $ax^2+bx+c=0$ একটি দ্বিঘাত সমীকরণ, যেখানে $a \neq 0$ এবং a, b, c এর প্রত্যেকে বাস্তব ও মূলদ সংখ্যা। আমরা

দ্বিঘাত সমীকরণটির সমাধান করলে পাই, $x = \frac{-b \pm \sqrt{b^2 - 4ac}}{2a}$ এখন $b^2 - 4ac$ কে দ্বিঘাত সমীকরণটির নিশ্চায়ক বলে।

কারণ ইহা সমীকরণটির মূলদ্বয়ের ধরণ ও প্রকৃতি নির্ণয় করে।

০১. $x^2 + px + 6 = 0$ এর মূল দুটি সমান এবং $p > 0$, তবে p এর মান কত? (১৭তম বিসিএস)

(ক) $\sqrt{48}$ (খ) 0 (গ) $\sqrt{6}$ (ঘ) $\sqrt{24}$ উত্তর: খ

সমাধান: $x^2 + px + 6 = 0$ একটি দ্বিঘাত সমীকরণ।

মূল দুটি সমান হলে $b^2 - 4ac = 0$ হয়।

বা, $b^2 = 4ac$ বা, $p^2 = 4 \cdot 1 \cdot 6 \therefore p = \sqrt{24}$

নিম্নোক্ত সম্পর্কগুলো জেনে রাখুন:

⇒ যদি $b^2 - 4ac = 0$ হয়, তবে মূল দুইটি - $\frac{b}{2a}$ এবং - $\frac{b}{2a}$ । অতএব মূল দুইটি পরস্পর সমান, বাস্তব সংখ্যা ও মূলদ হবে।

⇒ $b^2 - 4ac$ ধনাত্মক অর্থাৎ $b^2 - 4ac > 0$ হলে, $\sqrt{b^2 - 4ac}$ বাস্তব সংখ্যা হবে। সুতরাং, এক্ষেত্রে মূল দুইটি বাস্তব সংখ্যা এবং অসমান হবে।

⇒ $b^2 - 4ac$ পূর্ণবর্গ হলে, মূল দুইটি বাস্তব সংখ্যা, মূলদ এবং অসমান হবে। যদি $b^2 - 4ac$ পূর্ণবর্গ না হয়, তবে মূল দুইটি বাস্তব সংখ্যা, অমূলদ ও অসমান হবে।

যদি $b^2 - 4ac$ ঋণাত্মক অর্থাৎ, $b^2 - 4ac < 0$ হয়, তবে মূল দুইটির উভয়ে জটিল সংখ্যা হবে।

০২. $6x^2 - 7x - 4 = 0$ সমীকরণে মূলদ্বয়ের প্রকৃতি কোনটি? (৪০তম বিসিএস)

(ক) বাস্তব ও সমান (খ) বাস্তব ও অসমান
(গ) অবাস্তব (ঘ) পূর্ণবর্গ সংখ্যা উত্তর: খ

সমাধান: $6x^2 - 7x - 4 = 0$ সমীকরণটিকে $ax^2 + bx + c$ সমীকরণের সাথে তুলনা করে পাই

$a = 6, b = -7$ এবং $c = -4$

$\therefore b^2 - 4ac = (-7)^2 - 4 \times 6 \times (-4) = 49 + 96 = 145 > 0$

যেহেতু $b^2 - 4ac$ ধনাত্মক অর্থাৎ $b^2 - 4ac > 0$ হলে, $\sqrt{b^2 - 4ac}$ বাস্তব সংখ্যা হবে। সুতরাং, এক্ষেত্রে মূল দুইটি বাস্তব সংখ্যা এবং অসমান হবে।

০৩. $\frac{3}{x} + \frac{4}{x+1} = 2$ হলে x এর মান কত? (৫০তম বিসিএস)

ক. 1 খ. 2 গ. 3 ঘ. 4 উত্তর: গ

সমাধান: সাধারণ নিয়মে:

$$\frac{3}{x} + \frac{4}{x+1} = 2$$

$$\text{বা, } \frac{3}{x} + \frac{4}{x+1} = 2$$

$$\text{বা, } \frac{3(x+1) + 4x}{x(x+1)} = 2$$

◆ শর্টকাট : (খ) এবং (ঘ) প্রথমেই বাদ দেয়া যায়, এ জন্য যে $x=2$ অথবা 4 ধরলে প্রথম অংশে 3 কে ভাগ করা যায় না। তাই শুধু (ক) এবং (গ) নং অপশন ধরে ভাবুন

ক. অনুযায়ী $x=1$ হলে $\frac{3}{1} + \frac{4}{1+1} = 3 + \frac{4}{2} = 3 + 2 = 5$ কিন্তু প্রশ্নে 2 আছে তাই এটা বাদ।

গ. অনুযায়ী $x=3$ হলে $\frac{3}{3} + \frac{4}{3+1} = 1 + \frac{4}{4} = 1 + 1 = 2$ মিলে গেছে তাই, $x=3$ ।

(যখন ভাববেন তখন সবকিছুই লিখতে হবে না, এমনিতেই মাথা কাজ করবে)

বা, $\frac{3x+3+4x}{x^2+x}=2$ বা, $2x^2+2x=7x+3$ বা, $2x^2+2x-7x-3=0$

বা, $2x^2-5x-3=0$ বা, $2x^2-6x+x-3=0$ বা, $2x(x-3)+1(x-3)=0$ বা, $(x-3)(2x+1)=0$

হয় $x-3=0 \therefore x=3$ অথবা, $2x+1=0$ অথবা, $2x=-1$ $x=-\frac{1}{2}$ অপশন অনুযায়ী উত্তর: গ

০৪. $(x+5)^2 = x^2 + bx + c$ সমীকরণে b ও c এর মান কত হলে সমীকরণটি অভেদ হবে? [৪০তম বিসিএস]

(ক) 3, 10 (খ) 10, 15 (গ) 15, 25 (ঘ) 10, 25 উত্তর: ঘ

সমাধান: এখানে দেয়া আছে, $(x+5)^2 = x^2 + bx + c$

$\Rightarrow x^2 + 2 \cdot x \cdot 5 + 5^2 = x^2 + bx + c \Rightarrow x^2 + 10x + 25 = x^2 + bx + c$

এখন, উভয় রাশি তুলনা করে পাই, x এর সহগ $b = 10$ এবং $c = 25$ সুতরাং উত্তর: 10, 25

০৫. i^{-49} এর মান কত? [৪৪তম বিসিএস]

ক. -1 (খ) i (গ) 1 (ঘ) $-i$ উত্তর: ঘ

বিস্তারিত সমাধান:

$$i^{-49} = \frac{1}{i^{49}} = \frac{1}{i^{48} \cdot i^1} = \frac{1}{(i^2)^{24} \cdot i} = \frac{1}{(-1)^{24} \cdot i} = \frac{1}{1 \cdot i} = \frac{1}{i} = \frac{1 \times i}{i \times i} = \frac{i}{i^2} = \frac{i}{-1} = -i \quad [\text{যেহেতু } i^2 = -1]$$

বিকল্প সমাধান:

$$i^{-49} = i^{-50} \times i^1 = (i^2)^{-25} \times i = (-1)^{-25} \times i = -1 \times i = -i \quad [i^2 \text{ এর মান } = -1] \quad [\text{পাওয়ারে } (-) \text{ বা } (+) \text{ থাকলে নিয়ম একই}]$$

০৬. $\sqrt{-8} \times \sqrt{-2} =$ কত? [৪১তম বিসিএস]

(ক) 4 (খ) $4i$ (গ) -4 (ঘ) $-4i$ উত্তর: গ

সমাধান:

$$\sqrt{-8} \times \sqrt{-2} = \sqrt{-1 \times 8} \times \sqrt{-1 \times 2} = \sqrt{i^2 \times 4 \times 2} \times \sqrt{i^2 \times 2}$$

[এখানে i^2 একটি কাল্পনিক সংখ্যা এবং $i^2 = -1$]

$$= i \times 2\sqrt{2} \times i \times \sqrt{2} = i^2 \times 2(\sqrt{2})^2 \quad [\text{যেহেতু } i^2 = -1]$$

$$= (-1) \times 2 \times 2 = -4 \quad (\text{উত্তর: } -4)$$

সুতরাং যেভাবে সমাধান করলে ভুল হতে পারে :

$$\sqrt{-8} \times \sqrt{-2} = (-8)^{\frac{1}{2}} \times (-2)^{\frac{1}{2}} = \{(-8) \times (-2)\}^{\frac{1}{2}} = \{16\}^{\frac{1}{2}} = \{4^2\}^{\frac{1}{2}} = 4^{2 \times \frac{1}{2}} = 4$$

এভাবে করলে সমন্বয় কোথায়: সমন্বয় হল সূত্রের শর্তের মধ্যে: সূত্রে বলা আছে $\sqrt{x} = x^{\frac{1}{2}}$ যখন $x \geq 0$ কিন্তু এ প্রক্ষেপে $x < 0$ । কারণ (-8) বা (-2) দুটোই ঋণাত্মক সংখ্যা। এজন্য এভাবে করা যাবে না।

সরল ও দ্বিপদী অসমতা

যদি দুটি বিধয় বা সংখ্যা সমান সমান না হয়ে অসমান হয় তাহলে তাকে অসমতা বলে।

অসমতার নিয়মাবলী:

(ক) অসমতার উভয় পাশে একই সংখ্যা যোগ বিয়োগ, গুণ ভাগ করলে অসমতার চিহ্নের পরিবর্তন হয় না। $10 > 6$ হলে $10+2 > 6+2 \Rightarrow 12 > 8$

(খ) অসমতার বামপক্ষ ও ডানপক্ষের রাশিকে ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতার দিক পাল্টে যায়। যেমন: $10 > 6$ এখানে, $10 \times (-2)$ এবং $6 \times (-2) = -20 < -12$ হয়

(গ) অসমতার দুপাশের সংখ্যাকে বিপরীতকরণ করলে অর্থাৎ লবকে হর এবং হরকে লব বানালে অসমতার চিহ্ন পরিবর্তন হয়ে যায়। যেমন: $3 > 2$ কিন্তু $\frac{1}{3} < \frac{1}{2}$

সাধারণ প্রশ্নসমূহ:

০১. $x^2 > 8$, $x^3 < 30$ হলে x এর সঠিক মান কোনটি? [৩২তম বিসিএস]

- (ক) 2 (খ) 3
(গ) 4 (ঘ) কোনটিই নয় উত্তর: খ

সমাধান: এ ধরনের অংক বুঝতে পারাটাই আসল। এখানে ভেঙ্গে ভেঙ্গে এভাবে ভাবুন: $x^2 > 8$, যার অর্থ একটি সংখ্যার বর্গ ৮ এর থেকে বড়। আবার $x^3 < 30$ এর অর্থ ঐ একই সংখ্যাটির ঘন ৩০ এর থেকে ছোট এখন প্রশ্নের অপশনগুলো নিয়ে সমাধান করার চেষ্টা করুন:

$$2^2 = 4 < 8; \text{ এবং } 2^3 = 27 < 30 \text{ (ভুল)}$$

$$3^2 = 9 > 8 \text{ এবং } 3^3 = 27 < 30 \text{ (সঠিক)}$$

$$4^2 = 16 > 8; \text{ এবং } 4^3 = 64 > 30 \text{ (ভুল)}$$

∴ সঠিক উত্তর: 3

০২. $x > y$ এবং $z < 0$ হলে নিচের কোনটি সঠিক? $xz < yz$ [৩০তম বিসিএস]

- (ক) $xz > yz$ (খ) $\frac{x}{z} > \frac{y}{z}$

- (গ) $\frac{z}{x} > \frac{z}{y}$ (ঘ) $xz < yz$ উত্তর: ঘ

সমাধান: দেওয়া আছে, $z < 0$ অর্থাৎ z একটি ঋণাত্মক সংখ্যা। আমরা জানি, কোনো অসমতার উভয় পক্ষকে কোনো ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করলে অসমতা চিহ্ন পাল্টে যায় (অর্থাৎ ' $>$ ' চিহ্ন পরিবর্তিত হয়ে ' $<$ ' চিহ্ন এবং ' $<$ ' চিহ্ন পরিবর্তিত হয়ে ' $>$ ' চিহ্ন হয়)। দেয়া

আছে, $x > y$ ∴ $xz < yz$ [উভয়পক্ষকে z দ্বারা গুণ করে]

০৩. সমাধান করুন: $|x-3| < 5$ হলে- [৩০তম বিসিএস]

- (ক) $2 < x < 8$ (খ) $-2 < x < 8$
(গ) $-8 < x < -2$ (ঘ) $-4 < x < -2$ উত্তর: খ

[এ ধরনের প্রশ্নই বেশি আসে। তাই এই প্রশ্নটি ভালোভাবে বোঝার চেষ্টা করুন]

সমাধান: $|x-3| < 5$ [$|$] পরম মান চিহ্নের ভেতরের রাশিটি ধনাত্মক হতে পারে, আবার ঋণাত্মক ও হতে পারে।

$|x-3|$ ধনাত্মক হলে,

$$\Rightarrow x-3 < 5 \text{ (প্রশ্নে যা আছে তাই লিখতে হবে)}$$

বা, $x < 5+3$ [সমীকরণের মত এক পাশের রাশি আরেক পাশে গেলে চিহ্ন বদলে যায়]

∴ $x < 8$ ----- <<<< এই মানটি সম্পূর্ণ উত্তরের অর্ধেক।

আবার $|x-3|$ ঋণাত্মক হলে, $-|x-3| < 5$ [পরম মানের বাহিরে (-) লিখতে হয়।]

$$\Rightarrow x-3 > -5 \text{ [উভয় পক্ষকে -1 দ্বারা গুণ করে]}$$

$$\Rightarrow x > -5+3 \quad \therefore x > -2$$

নির্ণয় সমাধান: $-2 < x < 8$ অথবা $8 > x > -2$

Shortcut: (পরীক্ষার হলে এভাবেই করবেন)

$|x-3| < 5$ বা, $-5 < x-3 < 5$ (পরমমান কে ভেঙ্গে একপাশে +5 আরেকপাশে -5 লেখা হল)

$$\text{বা, } -5+3 < x-3+3 < 5+3$$

($x-3$ এর সাথে থাকা -3 কে বাদ দেয়ার জন্য সবার সাথে +3 যোগ করা হল।)

$$\text{বা, } -2 < x < 8$$

০৪. বাস্তব সংখ্যায় $|3x+2| < 7$ অসমতার সমাধান: [৪৪তম বিসিএস]

(ক) $-3 < x < 3$ (খ) $-\frac{5}{3} < x < \frac{5}{3}$

(গ) $-3 < x < \frac{5}{3}$ (ঘ) $\frac{5}{3} < x < -\frac{5}{3}$ উত্তর: গ

সমাধান: $|3x+2| < 7$

$$\begin{aligned} \Rightarrow -7 < (3x+2) < 7 \\ \Rightarrow -7-2 < 3x+2-2 < 7-2 \\ \Rightarrow -9 < 3x < 5 \therefore -3 < x < \frac{5}{3} \end{aligned}$$

০৫. বাস্তব সংখ্যায় $|2x-3| \leq 1$ অসমতাটির সমাধান-

[০৮তম বিসিএস]

- (ক) $1 < x < 2$
 (খ) $1 \leq x \leq 1$ অথবা $x \geq 2$
 (গ) $1 \leq x \leq 2$
 (ঘ) $-1 < x < 12$

উত্তর: গ

সমাধান:

$$|2x-3| \leq 1 \Rightarrow -1 \leq 2x-3 \leq 1$$

[অসমতার চিহ্ন ঠিক রেখে একপাশে ধনাত্মক এবং অন্যপাশে ঋণাত্মক সংখ্যা নিতে হয়।]

$$\Rightarrow -1+3 \leq 2x-3+3 \leq 1+3 \text{ [মাবাখালো শুধু } x \text{ রাখার জন্য } x \text{ এর সাথে অন্য যা কিছু আছে তা বাদ দিতে হবে]}$$

$$\Rightarrow 2 \leq 2x \leq 4 \Rightarrow 1 \leq x \leq 2 \text{ Ans:}$$

বিকল্প নিয়ম:

$$|2x-3| \text{ ধনাত্মক হলে } 2x-3 \leq 1$$

$$\Rightarrow 2x \leq 1+3$$

$$\Rightarrow 2x \leq 4$$

$$\Rightarrow x \leq 2$$

$$\text{আবার, } |2x-3| \text{ ঋণাত্মক হলে -}$$

$$(2x-3) \leq 1 \Rightarrow 2x-3 \geq -1$$

$$\Rightarrow 2x \geq -1+3 \Rightarrow 2x \geq 2 \Rightarrow x \geq 1$$

$$\text{সুতরাং অসমতাটির সমাধান } = 1 \leq x \leq 2$$

০৬. $|1-2x| < 1$ এর সমাধান- [০৯তম বিসিএস]

(ক) $-2 < x < 1$ (খ) $-1 < x < 0$

(গ) $0 < x < 1$ (ঘ) $-1 < x < 1$

উত্তর: গ

সমাধান: $|1-2x| < 1$ ঋণাত্মক হলে,

$$1-2x < 1$$

$$\Rightarrow -2x < 0$$

$$\Rightarrow 2x > 0 \therefore x > 0$$

$$|1-2x| < 1 \text{ ঋণাত্মক হলে,}$$

$$-(1-2x) < 1$$

$$\Rightarrow 1-2x > -1$$

$$\Rightarrow -2x > -1-1$$

$$\Rightarrow -2x > -2 \Rightarrow 2x < 2 \therefore x < 1$$

$$\therefore \text{নির্ণয় সমাধান: } 0 < x < 1 \text{ (উত্তর)}$$

০৭. $|x-2| < 3$ হলে, m এবং n এর কোন মানের জন্য m

$< 3x+5 < n$ হবে? [৪১তম বিসিএস]

(ক) $m=1, n=10$ (খ) $m=2, n=20$

(গ) $m=3, n=30$ (ঘ) $m=4, n=40$ উ: (খ)

সমাধান: $|x-2| < 3$

$$\Rightarrow -3 < x-2 < 3$$

$$\Rightarrow -3+2 < x-2+2 < 3+2$$

$$\Rightarrow -1 < x < 5$$

$$\Rightarrow -3 < 3x < 15 \text{ [৩ দ্বারা গুণ করে]}$$

$$\Rightarrow -3+5 < 3x+5 < 15+5$$

$$\Rightarrow 2 < 3x+5 < 20$$

$$\therefore m=2, n=20 \text{ উত্তর: } m=2, n=20$$

০৮. $x^2-3x-10 > 0$ অসমতাটির সমাধান কোনটি? [৪২তম বিসিএস]

(ক) $(-\infty, -1) \cup (4, +\infty)$

(খ) $(-\infty, -2) \cup (5, +\infty)$

(গ) $(\infty, 2) \cup (5, +\infty)$

(ঘ) $(-5, -\infty) \cup (\infty, 2)$

উত্তর: খ

সমাধান: $x^2-3x-10 > 0$

$$\Rightarrow x^2-3x+2x-10 > 0$$

$$\Rightarrow x(x-5)+2(x-5) > 0$$

$$\Rightarrow (x-5)(x+2) > 0$$

দুটি রাশির গুণফল ধনাত্মক হলে রাশি দুটিকে অবশ্যই ধনাত্মক অথবা ঋণাত্মক হতে হবে। প্রথম ক্ষেত্রে, দুটোই ধনাত্মক হলে,

$$x-5 > 0 \text{ এবং } x+2 > 0$$

$$x > 5 \text{ এবং } x > -2$$

$$\Rightarrow x > 5 \text{ [কমন অংশ নিয়ে]}$$

দ্বিতীয় ক্ষেত্রে,

$$x-5 < 0 \text{ এবং } x+2 < 0$$

$$x < 0 \text{ এবং } x < -2$$

$$\Rightarrow x < -2 \text{ [কমন অংশ নিয়ে]}$$

$$\therefore \text{নির্ণয় সমাধান: } x > 5 \text{ অথবা, } x < -2$$

$$\therefore \text{সমাধান: } (-\infty, -2) \cup (5, +\infty) \text{ (উত্তর)}$$

০৯. $2x^2+5x+3 < 0$ এর সমাধান কোনটি? [০৯তম বিসিএস]

(ক) $-\frac{3}{2} < x < -1$ (খ) $-\frac{3}{2} < x < 1$

(গ) $-\frac{3}{2} \leq x \leq 1$ (ঘ) $\frac{3}{2} < x \leq 1$ উত্তর: ক

সমাধান: $2x^2+5x+3 < 0$

$$\Rightarrow 2x^2+3x+2x+3 < 0$$

$$\Rightarrow 2x(x+3) + 2(x+3) < 0$$

$$\Rightarrow (x+3)(2x+3) < 0$$

(x+1) ও (2x+1) এর যেকোন একটির মান ঋণাত্মক হলে অসমতাটি সত্য হবে

যখন	(x+1) এর চিহ্ন	(2x+3) এর চিহ্ন	(x+1) (2x+3) এর চিহ্ন
$x < -\frac{3}{2}$	-	-	+
$-\frac{3}{2} < x < -1$	-	+	-
$x > -1$	+	+	+

∴ নির্ণেয় অসমতা : $-\frac{3}{2} < x < -1$ (উত্তর)

১০. $x^2 - 5x + 6 < 0$ হলে- (৩৬তম বিসিএস)

(ক) $2 < x < 3$ (খ) $-3 < x < -2$

(গ) $x < 2$ (ঘ) $x < 3$ উত্তর: ক

সমাধান: $x^2 - 5x + 6 < 0$

$$\Rightarrow x^2 - 3x - 2x + 6 < 0$$

$$\Rightarrow x(x-3) - 2(x-3) < 0$$

$$\Rightarrow (x-3)(x-2) < 0$$

(x-3) ও (x-2) এর যে কোনো একটির মান ঋণাত্মক হলে অসমতাটি সত্য হবে-

যখন	(x-3) এর চিহ্ন	(x-2) এর চিহ্ন	(x-3) (x-2) এর চিহ্ন
$x < 2$	-	-	+
$\frac{2}{3} < x < 3$	-	+	-
$x > 3$	+	+	+

∴ নির্ণেয় অসমতা : $2 < x < 3$.

১১. $x^2 - 7x + 12 \leq 0$ এর সমাধান সেট---- (৪৬তম বিসিএস)

(ক) $(-\infty, 3]$ (খ) $(3, 4)$

(গ) $[3, 4]$ (ঘ) $[4, \infty)$ উত্তর: গ

সমাধান: $x^2 - 7x + 12 \leq 0$

বা, $x^2 - 4x - 3x + 12 \leq 0$

বা, $x(x-4) - 3(x-4) \leq 0$

$$\therefore (x-4)(x-3) \leq 0$$

$$x \leq 4 \text{ এবং } x \leq 3$$

নির্ণেয় সমাধান সেট = $[3, 4]$

≤ থাকায় বন্ধ সেট হবে।

১২. $3x - 2 > 2x - 1$ এর সমাধান সেট কোনটি? (৪০তম বিসিএস)

(ক) $[1, \infty)$ (খ) $(1, \infty)$

(গ) $[\frac{1}{2}, \infty)$ (ঘ) $[-1, \infty)$ উত্তর: খ

সমাধান: $3x - 2 > 2x - 1$

বা, $3x - 2x > 2 - 1 \therefore x > 1$

∴ নির্ণেয় সমাধান সেট : $(1, \infty)$

১৩. বাস্তব সংখ্যার $\frac{1}{3x-5} < \frac{1}{3}$ অসমতাটির সমাধান- (৪০তম বিসিএস)

(ক) $-\infty < x < \frac{5}{3}$

(খ) $\frac{8}{3} < x < \infty$

(গ) $-\infty < x < \frac{5}{2}$ অথবা $\frac{8}{3} < x < \infty$

(ঘ) $-\infty < x < \frac{5}{2}$ এবং $\frac{8}{3} < x < \infty$ উত্তর: ঘ

সমাধান:

$$\frac{1}{3x-5} < \frac{1}{3} \Rightarrow \frac{1}{3x-5} - \frac{1}{3} < 0$$

$$\Rightarrow \frac{3-3x+5}{3 \times (3x-5)} < 0$$

$$\Rightarrow \frac{-(3x-8)}{3x-5} < 0 \text{ [৩ দিয়ে গুণ করে]}$$

$$\Rightarrow \frac{(3x-8)}{3x-5} > 0 \text{ [-১ দিয়ে গুণ করে]}$$

$$\Rightarrow \frac{(x-\frac{8}{3})}{3} > 0 \dots\dots(i)$$

$$\Rightarrow \frac{(x-\frac{5}{3})}{3}$$

(i) নং সত্য হবে যদি $(x-\frac{5}{3})$ এবং $(x-\frac{8}{3})$ দুটি

ধনাত্মক হয় অথবা দুটি ঋণাত্মক হয়।

শর্ত	$(x-\frac{8}{3})$ এর চিহ্ন	$(x-\frac{5}{3})$ এর চিহ্ন
$x < \frac{5}{3}$	-	-
$\frac{5}{3} < x <$	+	-

$\frac{8}{3}$		
$x > \frac{8}{3}$	+	+

$\therefore x < \frac{5}{3}$ অথবা $x > \frac{8}{3}$ এর জন্য (i) নং সত্য হয়।

\therefore নির্ণয় সমাধান - $-\infty < x < \frac{5}{3}$ অথবা $\frac{8}{3} < x < \infty$

Note: এই প্রশ্নটিতে $\frac{1}{3x-5} < \frac{1}{3}$ এর $3x-5$ এর মধ্যে পরমমান চিহ্ন না থাকায় সরসরি উল্টে দিয়ে $3x-5 > 3$ লেখা যাবে না। কারণ ঋণাত্মক সংখ্যার ভগ্নাংশ উল্টালে বড় সংখ্যাটি ছোট বা ছোট সংখ্যাটি বড় না হয়ে আগের মতই থাকে।

১৪. $5x - x^2 - 6 > 0$ হলে, নিচের কোনটি সঠিক? [৪০তম বিসিএস]

- (ক) $x > 3, x < 2$ (খ) $2 > x > 3$
 (গ) $x < 2$ (ঘ) $2 < x < 3$ উত্তর: ঘ

সমাধান:

$$\begin{aligned} 5x - x^2 - 6 > 0 \\ \Rightarrow -(x^2 - 5x + 6) > 0 \\ \Rightarrow x^2 - 5x + 6 < 0 \\ \Rightarrow x^2 - 3x - 2x + 6 < 0 \\ \Rightarrow x(x-3) - 2(x-3) < 0 \\ \Rightarrow (x-3)(x-2) < 0 \end{aligned}$$

সুতরাং $(x-3)(x-2)$ এর গুণফল ০ এর থেকে ছোট অর্থাৎ গুণফলটি ঋণাত্মক হতে হবে। এখন দুটি রাশির গুণফল ঋণাত্মক হতে হলে একটি ধনাত্মক এবং অন্যটি ঋণাত্মক হতে হবে। যদি,

$$(x-3) \text{ ধনাত্মক হলে } x-3 > 0 \therefore x > 3$$

$$(x-2) \text{ ঋণাত্মক হবে } x-2 < 0 \therefore x < 2$$

সুতরাং উপরের দু অংশ থেকে উত্তর লেখা যায়, $2 > x > 3$ অথবা, ঘুরিয়ে $3 < x < 2$

কিন্তু এরকম কোন সংখ্যা নেই যা একইসাথে ২ এর থেকে ছোট আবার ৩ এর থেকে বড় তাই এটা উত্তর হতে পারে না।

$$\text{আবার, } (x-3) \text{ ঋণাত্মক হলে } x-3 < 0 \therefore x < 3$$

$$(x-2) \text{ ধনাত্মক হবে } x-2 > 0 \therefore x > 2$$

সুতরাং উপরের দু অংশ থেকে উত্তর লেখা যায়, $2 < x < 3$ অথবা ঘুরিয়ে $3 > x > 2$ এটাই উত্তর।

কারণ x এর মান একই সাথে ৩ এর থেকে ছোট এবং ২ এর থেকে বড় হতে পারে। সুতরাং উত্তর: $2 < x < 3$

অনুশীলন করুন:

০১. $x > y$ এবং $z < 0$ হলে নিচের কোনটি সঠিক? [প্রাথমিক বিদ্যালয় সন্থকটি শিক্ষক (প্রথম পর্যায়): ২০২২]

(ক) $\frac{z}{x} < \frac{z}{y}$ (খ) $xz < yz$

(গ) $xz > yz$ (ঘ) $\frac{x}{z} > \frac{y}{z}$ উত্তর: খ

০২. $x^2 - 4 \leq 0$ এর সমাধান কোনটি? [মাধ্যমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৯]

(ক) $-2 \leq x \leq 2$ (খ) $-2 \leq x < 2$

(গ) $-2 < x \leq 2$ (ঘ) $-2 < x < 2$ উত্তর: খ

০৩. $|x-2| < 3$ হলে, m এবং n এর কোন মানের জন্য $m < 3x+5 < n$ হবে?

(ক) $m=1, n=10$

(খ) $m=2, n=20$

(গ) $m=3, n=30$

(ঘ) $m=4, n=40$ উত্তর: খ

সূচক ও লগারিদম

সূচক :

সূচকের উপর বিভিন্ন প্রশ্ন:

০১. $a^0 =$ কত? (০১ তম বিসিএস (মানসিক সফলতা))

- (ক) 1 (খ) 0
(গ) a (ঘ) 2

উত্তর: ক

সমাধান: যে কোন সংখ্যার উপর পাওয়ার ০ অর্থাৎ (সংখ্যা)^০ হলে তার মান 1 হয়। যেমন:

$$\left(\frac{ab}{a+b}\right)^0 = 1, \text{ অর্থাৎ তাই সবসময় উত্তর: 1.}$$

➤ প্রয়োজনীয় সূত্রাবলী:

০১. $a^m \cdot a^n = a^{m+n}$

০২. $a^m \div a^n = \frac{a^m}{a^n} = a^{m-n}$

০৩. $a^0 = 1$ [যেখানে $a \neq 0$]

০৪. $\sqrt{a} = a^{\frac{1}{2}}$

০৫. $\sqrt[q]{a} = a^{\frac{1}{q}}$

০৬. $a^{-n} = \frac{1}{a^n}$ অর্থাৎ $a^{-2} = \frac{1}{a^2}$

Note: কোন পাওয়ার মাইনাস থাকলে তা ভগ্নাংশ আকারে লিখতে হয় এবং মাইনাস তুলে দাব 1এর নিচে পুরা সংখ্যাটি পাওয়ার সহ লিখতে হয়।

০৭. $\left(\frac{m}{n}\right)^{-p} = \left(\frac{n}{m}\right)^p$ [ভগ্নাংশের উপরের পাওয়ার টি মাইনাস হলে ঐ ভগ্নাংশটি উল্টে যায়]

০৮. $a^x = a^y$ হলে, $x = y$ [অর্থাৎ দু পাশের ভিত্তি মিলে গেলে দুটো ভিত্তিই তুলে দিতে হয়।]

০৯. $a^x = b^x$ হলে, $a = b$ [দু পাশের পাওয়ার মিলে গেলে দুটো পাওয়ারই বাদ দিতে হয়।]

০২. $a^m \cdot a^n = a^{m+n}$ কখন হবে? (১৪তম বিসিএস)

- (ক) m ধনাত্মক হলে (খ) n ধনাত্মক হলে
(গ) m ও n উভয়ই ধনাত্মক
(ঘ) m ধনাত্মক ও n ঋণাত্মক

উত্তর: গ

০৩. $\sqrt[3]{\sqrt{a^3}}$ এর মান হবে- (০৩তম বিসিএস)

- (ক) $a^{\frac{1}{3}}$ (খ) $a^{\frac{1}{9}}$
(গ) $a^{\frac{1}{27}}$ (ঘ) a^3

উত্তর: ক

সমাধান: $\sqrt[3]{\sqrt{a^3}} = \sqrt[3]{a^{3 \times \frac{1}{2}}} = a^{\frac{1}{3}}$ [একটা কিউব রুট এবং কিউব কেটে গেলেও আরেকটা থাকে]

০৪. $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6 =$ কত? (০৩তম বিসিএস)

- (ক) 27 (খ) 121
(গ) 144 (ঘ) 140

উত্তর: গ

সমাধান: $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6 = (\sqrt[3]{3})^6 \times (\sqrt[3]{4})^6 = 3^2 \times 4^2 = 9 \times 16 = 144.$

০৫. $(\sqrt{3} \cdot \sqrt{5})^4$ -এর মান কত? (২৬তম বিসিএস)

- (ক) 30 (খ) 60
(গ) 225 (ঘ) 15

উত্তর: গ

সমাধান: $(\sqrt{3} \cdot \sqrt{5})^4 = (\sqrt{3})^4 \cdot (\sqrt{5})^4 = 3^2 \cdot 5^2 = 9 \cdot 25 = 225$ (উত্তর)

সূচকের মান নির্ণয় :

০৬. যদি $(64)^{\frac{2}{3}} + (625)^{\frac{1}{5}} = 3K$ হয়, তবে $K = ?$ (০১-তম বিসিএস)

- (ক) $9\frac{1}{2}$ (খ) $11\frac{1}{3}$
(গ) $12\frac{2}{5}$ (ঘ) $13\frac{2}{3}$

উত্তর: ঘ

সমাধান: $(64)^{\frac{2}{3}} + (625)^{\frac{1}{5}} = 3K$

বা, $(2^6)^{\frac{2}{3}} + (5^4)^{\frac{1}{5}} = 3K$

বা, $2^4 + 5^2 = 3K$

বা, $16 + 25 = 3K$ বা, $3K = 41$

$$\therefore K = 13 \frac{2}{3}$$

০৭. যদি $(25)^{2x+3} = 5^{3x+6}$ হয়, তবে $x =$ কত? [৩০তম বিসিএস]
 (ক) 0 (খ) 1
 (গ) -1 (ঘ) 4 উত্তর: ক

সমাধান:

$$(25)^{2x+3} = 5^{3x+6} \text{ বা, } (5^2)^{2x+3} = 5^{3x+6}$$

$$\text{বা, } (5)^{4x+6} = 5^{3x+6} \text{ বা, } 4x+6 = 3x+6$$

$$\therefore x = 0$$

০৮. $\frac{1}{2} \times 2^{x-3} + 1 = 5$ হলে x এর মান কত? [৪৬তম বিসিএস]
 (ক) 3 (খ) 4
 (গ) 5 (ঘ) 6 উত্তর: ঘ

$$\text{ব্যাখ্যা: } \frac{1}{2} \times 2^{x-3} + 1 = 5$$

$$\text{বা, } \frac{1}{2} \times 2^x \cdot 2^{-3} = 5 - 1$$

$$\text{বা, } \frac{1}{2} \times 2^x \cdot \frac{1}{8} = 4 \text{ বা, } 2^x = 64$$

$$\text{বা, } 2^x = 2^6 \therefore x = 6 \text{ (উত্তর)}$$

শর্টকাট টেকনিক:

সরাসরি অপশনের মান প্রশ্নের সমীকরণে বসিয়ে যদি বামপক্ষ = ডানপক্ষ হয়, তাহলে সেটিই উত্তর।

$$\frac{1}{2} \times 2^{6-3} + 1 = 5$$

$$4 + 1 = 5 \text{ (বামপক্ষ = ডানপক্ষ)}$$

০৯. $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{(x-5)}$ হয় তবে $x =$ কত? [৩০তম বিসিএস]
 (ক) 8 (খ) 3
 (গ) 5 (ঘ) 4 উত্তর: ঘ

সমাধান:

$$\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{(x-5)} \text{ [দুপাশের ভিত্তি মেলাতে হবে]}$$

$$\text{বা, } \left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{-(x-5)} \text{ [ভগ্নাংশ উল্টালে উপরের}$$

পাওয়ারের আগে (-) হয়।]

$$\text{বা, } x-3 = -x+5 \text{ [ভিত্তি মিলে গেছে তাই ভিত্তি বাদ]}$$

$$\text{বা, } 2x = 8 \therefore x = 4$$

১০. $\sqrt[3]{\sqrt{a^3}}$ এর মান হবে- [৩০তম বিসিএস]

(ক) $a^{\frac{1}{3}}$ (খ) $a^{\frac{1}{9}}$

(গ) $a^{\frac{1}{27}}$ (ঘ) a^3 উত্তর: ক

সমাধান:

$$\sqrt[3]{\sqrt{a^3}} = \sqrt[3]{a^{\frac{3 \times 1}{2}}} = a^{\frac{1}{2}} \text{ [একটা কিউব রুট এবং}$$

১১. $4^x + 4^x + 4^x + 4^x$ এর মান নিচের কোনটি? [৩০তম বিসিএস]

(ক) 16^x (খ) 4^{4x}
 (গ) 2^{2x+2} (ঘ) 2^{8x} উত্তর: গ

$$\text{সমাধান: } 4^x + 4^x + 4^x + 4^x = 4 \cdot 4^x$$

$$= 2^2 \cdot 2^{2x} = 2^{2x+2} \text{ (উত্তর)}$$

১২. $5^x + 8 \cdot 5^x + 16 \cdot 5^x = 1$ হলে, x এর মান কত? [৪১তম বিসিএস]

(ক) -3 (খ) -2
 (গ) -1 (ঘ) -1/2 উত্তর: খ

$$\text{সমাধান: } 5^x + 8 \cdot 5^x + 16 \cdot 5^x = 1$$

$$\Rightarrow 5^x(1+8+16) = 1$$

$$\Rightarrow 5^x = \frac{1}{25} = 5^{-2} \Rightarrow 5^x = 5^{-2}$$

$$\therefore x = -2 \text{ (উত্তর)}$$

১৩. $\frac{5^{n+2} + 35 \times 5^{n-1}}{4 \cdot 5^n} =$ কত? [৩৪তম বিসিএস]

(ক) 4 (খ) 8
 (গ) 12 (ঘ) 16 উত্তর: খ

সমাধান:

$$\frac{5^n \times 5^2 + 7 \times 5 \times 5^{n-1}}{4 \times 5^n} = \frac{5^n \times 25 + 7 \times 5^{1+n-1}}{4 \times 5^n}$$

$$= \frac{5^n(25+7)}{4 \times 5^n} = \frac{32}{4} = 8 \text{ (উত্তর)}$$

১৪. $a^x = b$, $b^y = c$ এবং $c^z = a$ হলে xyz এর মান নির্ণয় করুন। [৩৭তম বিসিএস সিবিআই]

সমাধান:

দেওয়া আছে,

$$a^x = b, b^y = c \text{ এবং } c^z = a$$

$$\Rightarrow c^{zx} = b \text{ [} \because c^z = a \text{]}$$

$$\Rightarrow b^{xyz} = b \quad [\because b^y = c]$$

$$\Rightarrow b^{xyz} = b^1 \quad \therefore xyz = 1 \quad (\text{উত্তর})$$

সূচকের সমাধান

১৫. যদি $(25)^{2x+3} = 5^{3x+6}$ হয়, তবে $x =$ কত? [৩০তম বিসিএস]

- (ক) 0 (খ) 1
(গ) -1 (ঘ) 4 উত্তর: ক

সমাধান:

$$(25)^{2x+3} = 5^{3x+6}$$

$$\text{বা, } (5^2)^{2x+3} = 5^{3x+6}$$

$$\text{বা, } (5)^{4x+6} = 5^{3x+6}$$

$$\text{বা, } 4x + 6 = 3x + 6 \quad \therefore x = 0$$

সরাসরি অপশন টেস্টের মাধ্যমেও সমাধান করতে পারেন

$$25^{2 \cdot 0 + 3} = 5^{3 \cdot 0 + 6}$$

$$\text{Or, } 5^{2^3} = 5^6 \quad \text{Or, } 5^6 = 5^6$$

১৬. $x + 2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}} = 0$ হলে, $x^3 + 6$ এর মান কত? [৪১তম বিসিএস]

- (ক) $4x$ (খ) $6x$
(গ) 4 (ঘ) 8 উত্তর: খ

সমাধান:

$$x + 2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}} = 0 \quad \text{বা, } x = -\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right)$$

$$\text{বা, } x^3 = -\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right)^3 \quad [\text{উভয় পাশে ঘন করে}]$$

$$\text{বা, } x^3 = -\left[\left(2^{\frac{1}{3}}\right)^3 + \left(2^{\frac{2}{3}}\right)^3 + 3 \cdot 2^{\frac{1}{3}} \cdot 2^{\frac{2}{3}} \left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right)\right]$$

$$\text{বা, } x^3 = -\left\{2 + 4 + 3 \cdot 2^{\frac{1+2}{3}} (-x)\right\}$$

$$\text{বা, } x^3 = 6x - 6 \quad \therefore x^3 + 6 = 6x$$

১৭. $x^{x\sqrt{x}} = (x\sqrt{x})^x$ হলে, x এর মান কত? [৪০তম বিসিএস]

- (ক) $\frac{3}{2}$ (খ) $\frac{4}{5}$
(গ) $\frac{9}{4}$ (ঘ) $\frac{2}{3}$ উত্তর: গ

$$\text{সমাধান: } x^{x\sqrt{x}} = (x\sqrt{x})^x$$

$$\text{বা, } (x^x)^{\sqrt{x}} = (x \cdot x^{\frac{1}{2}})^x$$

$$\text{বা, } (x^x)^{\sqrt{x}} = (x^{\frac{3}{2}})^x \quad \text{বা, } (x^x)^{\sqrt{x}} = (x^x)^{\frac{3}{2}}$$

$$\text{বা, } \sqrt{x} = \frac{3}{2} \quad \therefore x = \frac{9}{4} \quad (\text{উত্তর})$$

১৮. $2^x + 2^{1-x} = 3$ হলে $x =$ কত? [৩৮তম বিসিএস লিখিত, ৩৮তম বিসিএস শ্রুতি]

- (ক) (1,2) (খ) (0,2)
(গ) (1,3) (ঘ) (0,1) উত্তর: ঘ

$$\text{সমাধান: } 2^x + 2^{1-x} = 3$$

$$\text{বা, } 2^x + \frac{2^1}{2^x} = 3 \quad [a^m \cdot a^{-n} = \frac{a^m}{a^n} \text{ অর্থাৎ বিয়োগ থাকলে ভাগ হয়।}]$$

$$\text{বা, } p + \frac{2}{p} = 3 \quad [2^x = p \text{ ধরে।}]$$

$$\text{বা, } \frac{p^2 + 2}{p} = 3 \quad \text{বা, } p^2 + 2 = 3p$$

$$\text{বা, } p^2 - 3p + 2 = 0$$

$$\text{বা, } p^2 - 2p - p + 2 = 0 \quad \text{বা, } (p-2)(p-1) = 0$$

$$\text{হয় } p-2=0 \quad \text{অথবা, } p-1=0$$

$$\text{বা, } 2^x = 2^1 \quad \text{বা, } 2^x = 1$$

$$\text{বা, } x=1 \quad \text{বা, } 2^x = 2^0 \quad [a^0 = 1] \quad \text{বা, } x = 0$$

সুতরাং $x = (0,1)$ **Ans. (0,1)**

সরাসরি অপশন দ্বারা টেস্ট করেও সমাধান করা যায়।

$$x = 0 \text{ হলে,}$$

$$2^0 + 2^{1-0} = 3 \Rightarrow 1+2=3 \Rightarrow 3=3$$

$$\text{আবার: } x = 1 \text{ হলে,}$$

$$2^1 + 2^{1-1} = 3 \Rightarrow 2+1=3 \Rightarrow 3=3$$

$$[\text{দুপাশে 3 মিলে যাওয়ায় (0,1) ই উত্তর}]$$

২৫. $4^x + 4^{1-x} = 4$ হলে, $x =$ কত? [৪০তম বিসিএস]

- (ক) $\frac{1}{4}$ (খ) $\frac{1}{3}$
(গ) $\frac{1}{2}$ (ঘ) 1 উত্তর: গ

$$\text{সমাধান: } 4^x + 4^{1-x} = 4$$

$$\Rightarrow 4^x + \frac{4}{4^x} = 4$$

$$\Rightarrow \frac{(4^x)^2 + 4}{4^x} = 4$$

$$\Rightarrow (4^x)^2 + 4 = 4 \cdot 4^x$$

$$\Rightarrow (4^x)^2 - 4 \cdot 4^x + 4 = 0$$

$$\Rightarrow (4^x)^2 - 2 \cdot 2 \cdot 4^x + (2)^2 = 0$$

$$\Rightarrow (4^x - 2)^2 = 0 \Rightarrow 4^x = 2$$

$$\Rightarrow 2^{2x} = 2^1 \Rightarrow 2x = 1 \therefore x = \frac{1}{2}$$

বিকল্প সমাধান: $4^x + 4^{1-x} = 4 \Rightarrow 4^x + \frac{4}{4^x} = 4$

$$\Rightarrow \frac{a^2 + 4}{a} = 4 \quad [4^x = a \text{ ধরে}]$$

$$\Rightarrow a^2 + 4 = 4a \Rightarrow a^2 - 4a + 4 = 0$$

$$\Rightarrow a^2 - 2a - 2a + 4 = 0$$

$$\Rightarrow (a - 2)(a - 2) = 0 \quad [\text{বামে দুটি রাশি একই}]$$

$$\therefore 4^x - 2 = 0 \quad [a \text{ এর মান বসিয়ে}]$$

$$\Rightarrow 4^x = 2 \Rightarrow 2^{2x} = 2^1$$

$$\Rightarrow 2x = 1 \therefore x = \frac{1}{2}$$

শর্টকাট: অপশন থেকে মান বসিয়ে হিসেব করলে,
 $x = 1/2$ ধরে বামপক্ষ $4^x + 4^{1-x} = 4^{1/2} + 4^{1-1/2} = 4^{1/2} + 4^{1/2} = 4 =$ ডানপক্ষ।

অন্যগুলো নিলে এভাবে সমান হবে না। তাই উত্তর: $x = \frac{1}{2}$

১৯. $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{(x-5)}$ হয় তবে $x =$ কত? [৩৩তম বিসিএস]

(ক) ৪

(খ) ৩

(গ) ৫

(ঘ) ৪

উত্তর: ঘ

সমাধান:

$$\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{(x-5)} \quad [\text{দুপাশের ভিত্তি মেলাতে হবে}]$$

$$\text{বা, } \left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{-(x-5)} \quad [\text{ভ্যাংশ উন্টালে}]$$

উপরের পাওয়ারের আগে (-) হয়।

$$\text{বা, } x-3 = -x+5 \quad [\text{ভিত্তি মিলে গেছে তাই ভিত্তি বাদ}]$$

$$\text{বা, } 2x = 8 \therefore x = 4$$

২০. $\frac{5^{n+2} + 35 \times 5^{n-1}}{4.5^n} =$ কত? [৩৪তম বিসিএস]

(ক) ৪

(খ) ৪

(গ) ১২

(ঘ) ১৬

উত্তর: ঘ

সমাধান:

$$\frac{5^n \times 5^2 + 7 \times 5 \times 5^{n-1}}{4 \times 5^n} = \frac{5^n \times 25 + 7 \times 5^n}{4 \times 5^n}$$

$$= \frac{5^n(25+7)}{4 \times 5^n} = \frac{32}{4} = 8$$

২১. $2^{x+7} = 4^{x+2}$ হলে x এর মান কত? [৪০তম বিসিএস]

(ক) ২

(খ) ৩

(গ) ৪

(ঘ) ৬

উত্তর: ঘ

সমাধান: $2^{x+7} = 4^{x+2}$

$$\Rightarrow 2^{x+7} = 2^{2(x+2)} \Rightarrow 2^{x+7} = 2^{2x+4}$$

$$\Rightarrow x+7 = 2x+4 \therefore x = 3 \text{ (Ans)}$$

২২. যদি $\sqrt[4]{x^3} = 2$ হয়, তাহলে $x^{\frac{3}{2}} = ?$ [৪৪তম বিসিএস]

(ক) ৪

(খ) ১৬

(গ) ৪

(ঘ) ৬৪

উত্তর: গ

সমাধান: $\sqrt[4]{x^3} = 2 \Rightarrow (x^3)^{\frac{1}{4}} = 2$

$$\Rightarrow x^{\frac{3}{4}} = 2 \Rightarrow \left(x^{\frac{3}{4}}\right)^2 = 2^2$$

$$\Rightarrow x^{\frac{3}{2}} = 4 \therefore x^{\frac{3}{2}} = 4$$

২৩. $\frac{1}{2} \times 2^{x-3} + 1 = 5$ হলে x এর মান কত? [৪৬তম বিসিএস]

(ক) ৩

(খ) ৪

(গ) ৫

(ঘ) ৬

উত্তর: ঘ

ব্যাখ্যা: $\frac{1}{2} \times 2^{x-3} + 1 = 5$

$$\text{বা, } \frac{1}{2} \times 2^x \cdot 2^{-3} = 5 - 1$$

$$\text{বা, } \frac{1}{2} \times 2^x \cdot \frac{1}{8} = 4 \quad \text{বা, } 2^x = 64$$

$$\text{বা, } 2^x = 2^6 \therefore x = 6 \text{ (উত্তর)}$$

শর্টকাট টেকনিক:

সরাসরি অপশনের মান প্রশ্নের সমীকরণে বসিয়ে যদি বামপক্ষ = ডানপক্ষ হয়, তাহলে সেটিই উত্তর।

$$\frac{1}{2} \times 2^{6-3} + 1 = 5$$

$$4 + 1 = 5 \text{ (বামপক্ষ = ডানপক্ষ)}$$

২৪. $36.2^{3x-8} = 3^2$ হলে x এর মান কত? [৩৩তম বিসিএস]

(ক) $\frac{7}{3}$

(খ) ৩

(গ) $\frac{8}{3}$ (ঘ) 2 উত্তর: ঘ

সমাধান: $36 \cdot 2^{3x-8} = 3^2$

বা, $2^{3x-8} = \frac{9}{36}$ বা, $\frac{2^{3x}}{2^8} = \frac{1}{4}$

বা, $2^{3x} = \frac{2^8}{4}$ বা, $2^{3x} = 2^6$

বা, $3x = 6 \therefore x = 2$ (উত্তর)

২৫. $125(\sqrt{5})^{2x} = 1$ হলে x এর মান কত? [১৯তম বিসিএস]

(ক) 3 (খ) -3

(গ) 7 (ঘ) 9 উত্তর: ঘ

সমাধান: $125(\sqrt{5})^{2x} = 1$

বা, $5^3(\sqrt{5})^{2x} = 1$ বা, $5^3 \cdot 5^{2x \cdot \frac{1}{2}} = 1$

বা, $5^{3+x} = 5^0$ বা, $3+x = 0 \therefore x = -3$

২৬. $x^3 - 0.001 = 0$ হলে, x^2 এর মান- [১০তম বিসিএস]

(ক) 100 (খ) $\frac{1}{10}$

(গ) 10 (ঘ) $\frac{1}{100}$ উত্তর: ক

সমাধান: দেওয়া আছে, $x^3 - 0.001 = 0$

বা, $\frac{1}{x^3} = 0.001 = \frac{1}{1000}$

বা, $x^3 = 1000 = 10^3$

বা, $x = 10 \therefore x^2 = 100$. (উত্তর)

লগারিদম

০১. কোন শর্তে $\log_a 1 = 0$ [৪০তম বিসিএস]

(ক) $a > 0, a \neq 1$ (খ) $a \neq 0, a > 1$

(গ) $a > 0, a = 1$ (ঘ) $a \neq 1, a < 0$ উত্তর: ক

সমাধান: $\log_a 1 = 0$ হবে যখন $a > 0, a \neq 1$.

অর্থাৎ a এর মান 1 বাদে 0 এর থেকে বড় যে কোন সংখ্যা হতে পারে।

০২. $\log_a \left(\frac{m}{n} \right) =$ কত? [১০তম ও ৩২তম বিসিএস]

(ক) $\log_a m - \log_a n$ (খ) $\log_a m + \log_a n$

(গ) $\log_a m \times \log_a n$ (ঘ) কোনটিই নয় উত্তর: ক

প্রয়োজনীয় সূত্রাবলী:

○ $\log_a(MN) = \log_a M + \log_a N$

○ $\log_a \frac{M}{N} = \log_a M - \log_a N$

○ $\log_a M^n = n \log_a M$

○ $\log_a 1 = 0$

○ $\log_a a = 1$

○ $\log a + \log b + \log c = \log(abc)$

○ $\log a - \log b = \log\left(\frac{a}{b}\right)$

○ $\log_a y = x$ হলে $a^x = y$ (যেটি বুঝে ও বুঝে পূর্ণ)

(কোন power = কোন মান দেয়া থাকলে log তুলে দিয়ে ঐ পাওয়ার ও মানটি স্থান বদল করে অর্থাৎ power এর জায়গার মানটি এবং মান এর জায়গায় power হয়ে যায়) অর্থাৎ $\log_a x = b$ হলে $a^b = x$ লিখা যায়।

০৩. $\log_2 8 =$ কত? [১২তম বিসিএস]

(ক) 4 (খ) 3

(গ) 2 (ঘ) 1 উত্তর: খ

সমাধান: $\log_2 8 = \log_2 2^3 = 3 \cdot \log_2 2 = 3 \cdot 1 = 3$

০৪. $\text{Log}_{\sqrt{3}} 81$ কত? [১০তম বিসিএস]

(ক) 4 (খ) $27\sqrt{3}$

(গ) 8 (ঘ) $\frac{1}{8}$ উত্তর: গ

সমাধান: $\text{Log}_{\sqrt{3}} 81 = \text{Log}_{\sqrt{3}} 3^4$

$= \text{Log}_{\sqrt{3}} (\sqrt{3})^8 = 8 \text{Log}_{\sqrt{3}} (\sqrt{3}) = 8$

০৫. $\log_x \frac{1}{9} = -2$ হলে, x -এর মান কত? [৪২তম বিসিএস]

(ক) 7 (খ) -7

(গ) 5 (ঘ) 3 উত্তর: ঘ

সমাধান: $\log_x \frac{1}{9} = -2$ বা, $x^{-2} = \frac{1}{9}$ বা, $x^{-2} =$

$\frac{1}{3^2}$ বা, $x^{-2} = 3^{-2} \therefore x = 3$

০৬. $\log_2 \frac{1}{32}$ এর মান- [১১তম বিসিএস]

(ক) $\frac{1}{25}$ (খ) -5

(গ) $\frac{1}{5}$ (ঘ) $-\frac{1}{5}$ উত্তর: খ

সমাধান: $\log_2 \frac{1}{32} = \log_2 \frac{1}{2^5} = \log_2 2^{-5}$
 $= -5 \cdot \log_2 2 = -5 \cdot 1 = -5$ (উত্তর)

০৭. $\log_3 \frac{1}{9}$ এর মান- [৩০তম বিসিএস]

(ক) 2 (খ) -2
 (গ) 3 (ঘ) -3 উত্তর: খ

সমাধান: $\log_3 \frac{1}{9} = \log_3 \frac{1}{3^2} = \log_3 3^{-2} = -2$.

০৮. $\log_x \left(\frac{1}{8}\right) = -2$ হলে $x =$ কত? [৩৮তম বিসিএস]

(ক) 2 (খ) $\sqrt{2}$
 (গ) $2\sqrt{2}$ (ঘ) 4 উত্তর: গ

সমাধান:
 $\log_x \left(\frac{1}{8}\right) = -2 \Rightarrow x^{-2} = \frac{1}{8}$

$\Rightarrow \frac{1}{x^2} = \frac{1}{8} \Rightarrow x^2 = 8$

$\Rightarrow x = \sqrt{4 \times 2} \therefore x = 2\sqrt{2}$

০৯. $\log_{\sqrt{8}} x = 3 \frac{1}{3}$ হলে x এর মান কত? [৪৬তম বিসিএস]

(ক) 32 (খ) 4
 (গ) 5 (ঘ) $\sqrt{8}$ উত্তর: ক

সমাধান: $\log_{\sqrt{8}} x = 3 \frac{1}{3}$ বা, $\log_{\sqrt{8}} x = \frac{10}{3}$

বা, $x = \sqrt{8}^{\frac{10}{3}}$ বা, $x = (\sqrt{8})^{2 \times \frac{5}{3}}$

বা, $x = 8^{\frac{5}{3}} = (2^3)^{\frac{5}{3}} = 2^5 \therefore x = 32$

১০. 32 এর 2 ভিত্তিক লগারিদম কত? [১০তম বিসিএস]

(ক) 7 (খ) -7
 (গ) 5 (ঘ) 3 উত্তর: গ

সমাধান:
 $\log_2 32$ (32 এর 2 ভিত্তিক লগারিদম কত বলতে বোঝায় Log এর 2 ভিত্তির উপর 32 বসালে তার মান কত হবে)

$= \log_2 2^5 = 5 \times \log_2 2$

$= 5 \times 1 = 5$ [যেহেতু $\log_a a = 1$]

১১. $\log_x \frac{3}{2} = -\frac{1}{2}$ হলে, $x =$ এর মান কত? [৩৭-তম বিসিএস]

(ক) $\frac{4}{9}$ (খ) $\frac{9}{4}$
 (গ) $\sqrt{\frac{3}{2}}$ (ঘ) $\sqrt{\frac{2}{3}}$ উত্তর: ক

সমাধান: $\log_x \left(\frac{3}{2}\right) = -\frac{1}{2} \Rightarrow x^{-\frac{1}{2}} = \frac{3}{2} \Rightarrow \frac{1}{x^{\frac{1}{2}}} = \frac{3}{2}$

$\frac{3}{2}$ (পাওয়ার এ মাইনাস থাকলে তা ভগ্নাংশ আকারে লিখতে হয়)

$\Rightarrow \frac{1}{\sqrt{x}} = \frac{3}{2} \Rightarrow \sqrt{x} = \frac{2}{3} \Rightarrow x = \left(\frac{2}{3}\right)^2$

$\therefore x = \frac{4}{9}$

১২. $\log_2 \log \sqrt{e^{e^2}} = ?$ [৪১তম বিসিএস]

(ক) -2 (খ) -1
 (গ) 1 (ঘ) 2 উত্তর: ঘ

সমাধান:

$\log_2 \log \sqrt{e^{(\sqrt{e})^{e^2}}}$

$= \log_2 \log \sqrt{e^{(\sqrt{e})^e}} = \log_2 4 \cdot \log \sqrt{e^{e^e}}$

$= \log_2 4 \times 1 = \log_2 2^2 = 2 \log_2 2 = 2 \times 1 = 2$ (উত্তর:)

এখানে যে সূত্র কাজে লাগবে:

$\log_a M^N = N \log_a M$ এবং $\log_a a = 1$

১৩. যদি $\log_{10} x = -1$ হয়, তাহলে নিচের কোনটি x এর মান? [৪৪তম বিসিএস]

(ক) 0.1 (খ) 0.01
 (গ) $\frac{1}{10000}$ (ঘ) 0.001 উত্তর: ক

সমাধান: $\log_{10} x = -1 \Rightarrow 10^{-1} = x$

$\Rightarrow x = \frac{1}{10} \therefore x = 0.1$ (উত্তর)

১৪. $2 \log_{10} 5 + \log_{10} 36 - \log_{10} 9 = ?$ [৪৪তম বিসিএস]

(ক) 2 (খ) 100

(গ) 37 (ঘ) 4.6 উত্তর: ক

$$\begin{aligned} \text{সমাধান: } & 2 \log_{10} 5 + \log_{10} 36 - \log_{10} 9 = \log_{10} 5^2 \\ & + \log_{10} 36 - \log_{10} 9 \\ & = \log_{10} 25 + \log_{10} 36 - \log_{10} 9 \\ & = \log_{10} \left(\frac{25 \times 36}{9} \right) = \log_{10} 10^2 \\ & = 2 \cdot \log_{10} 10 = 2 \cdot 1 = 2 \text{ (উত্তর)} \end{aligned}$$

১৫. $2 \log_2 3 + \log_2 5$ এর মান কত? [৪৩তম বিসিএস]

(ক) 8 (খ) 2

(গ) 15 (ঘ) 10 উত্তর: গ

সমাধান: এই প্রশ্নটি অনেক সহজ শুধু গুরুত্বপূর্ণ যে সূত্রটি জানতে হবে তা হলো, $a^{\log_a b} = b$ হয়।

$$2 \log_2 3 + \log_2 5 = 2 \log_2 (3 \times 5) = 2 \log_2 15 = 15$$

১৬. $\log_a x = 1$, $\log_a y = 2$ এবং $\log_a z = 3$ হলে,

$\log_a \left(\frac{x^3 y^2}{z} \right)$ এর মান কত? [৩৫তম বিসিএস]

(ক) 1 (খ) 2

(গ) 4 (ঘ) 5 উত্তর: গ

$$\text{সমাধান: } \log_a \left(\frac{x^3 y^2}{z} \right) = \log_a x^3 y^2 - \log_a z$$

$$[\text{যেহেতু } \log_a \frac{M}{N} = \log_a M - \log_a N]$$

$$\begin{aligned} & = \log_a x^3 + \log_a y^2 - \log_a z \\ & = 3 \times 1 + 2 \times 2 - 3 = 3 + 4 - 3 = 4 \text{ (উত্তর)} \end{aligned}$$

১৭. যদি $\log \left(\frac{a}{b} \right) + \log \left(\frac{b}{a} \right) = \log(a+b)$ হয়, তবে-

[৪৫তম বিসিএস]

(ক) $a + b = 1$ (খ) $a - b = 1$

(গ) $a = b$ (ঘ) $a^2 - b^2 = 1$ উত্তর: ক

$$\text{সমাধান: } \log \left(\frac{a}{b} \right) + \log \left(\frac{b}{a} \right) = \log(a+b)$$

$$\Rightarrow \log \left(\frac{a}{b} \times \frac{b}{a} \right) = \log(a+b)$$

$$\therefore a + b = 1 \text{ (Ans)}$$

অনুশীলন করুন:

০১. $x^3 = 64$ হলে x এর মান কত? [প্রাথমিক সহ: শি.দি. পরীক্ষা-২০১৯ (৩য় খণ্ড) সেট: (৩১৯৭)]

(ক) 3 (খ) 4

(গ) 5 (ঘ) 6 উত্তর: খ

০২. $\sqrt{x^2} =$ কত? [প্রাথমিক সহ: শি.দি. পরীক্ষা-২০১৯ (৪র্থ খণ্ড) সেট: (২৮১৫)]

(ক) x (খ) $-x$

(গ) $\pm x$ (ঘ) x^2 উত্তর: গ

০৩. $3^{mx-1} = 3a^{mx-2}$ হলে x এর মান কত? [ডাক অফিসের বিভিন্ন ডপার্টমেন্ট-২০১৮/১৯-১০ম সেন্ট-উচ্চতর গণিত অধ্য: ৫.৩ এর উদাহরণ - ৪ হুবহু।]

(ক) $\frac{2}{m}$ (খ) $2m$

(গ) $\frac{m}{2}$ (ঘ) 0 উত্তর: ক

০৪. $\log_{10} x = 2$ হলে $x =$ কত?

(ক) 70 (খ) 81

(গ) 64 (ঘ) 100 উত্তর: ঘ

০৫. $\log_x 144 = 4$ হলে $x =$ কত?

(ক) 2 (খ) $\sqrt{2}$

(গ) $2\sqrt{2}$ (ঘ) $2\sqrt{3}$ উত্তর: ঘ

০৬. $\log_{2\sqrt{5}} 400 = x$ হলে x এর মান কত?

(ক) 81 (খ) 4

(গ) 8 (ঘ) 6 উত্তর: খ

সমান্তর ও গুণোত্তর ধারা

সমান্তর ধারা: যে ধারায় প্রতিটি পদে একই পরিমাণে বৃদ্ধি বা হ্রাস ঘটে অর্থাৎ ক্রমিক দুইটি পদের অন্তর একই হয়, তাকে সমান্তর ধারা বলে। অর্থাৎ যে ধারার কোন পদকে তার পরবর্তী পদ থেকে বিয়োগ করলে প্রতিক্রমে বিয়োজফল একই হয় তাকে সমান্তর ধারা বলে। যেমন: $2+4+6+8+10 \dots \dots \dots +20$ এখানে প্রতি পদের বৃদ্ধির হার ২ করে।

সমান্তর ধারার গুরুত্বপূর্ণ সূত্র ও তার প্রয়োগ:

কোনো সমান্তর ধারার প্রথম পদ ও শেষ পদ দেয়া থাকলে

$$\text{সমষ্টি} = \frac{\text{পদসংখ্যা (শেষপদ + প্রথম পদ)}}{2}$$

$$\text{এবং পদসংখ্যা} = \frac{\text{শেষপদ - প্রথম পদ}}{\text{সাধারণ অন্তর}} + 1$$

একটি সমান্তর ধারার প্রথম পদ a এবং সাধারণ অন্তর d হলে r তম পদ = $a+(r-1)d$

প্রথম পদ a এবং সাধারণ অন্তর d বিশিষ্ট সমান্তর ধারার

$$n \text{ সংখ্যক পদের সমষ্টি } S = \frac{n}{2} \{2a+(n-1)d\}$$

□ সমান্তর ধারার উপর বিভিন্ন প্রশ্নের সমাধান :

০১. ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যার যোগফল- [১৫তম বিসিএস]

অর্থাৎ, $1 + 2 + 3 + 4 + \dots + 99 =$ কত? [২৫তম বিসিএস]

- (ক) ৪৮৫০ (খ) ৪৯৫০
(গ) ৫৭৫০ (ঘ) ৫৯৫০

উত্তর: খ

